মুজিবনগরে জাতীয় সমবায় পুরস্কার-২০২৩ প্রাপ্তি উৎযাপন

“সমবায়ে শক্তি”সমবায়ে মুক্তি” সমবায়ে গড়বদেশ বৈষম্যহীন বাংলাদেশ এই স্লোগান কে সামনে রেখে র্যালী, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ নানা আয়োজনে মুজিবনগর উপজেলার গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের জাতীয় সমবায় পুরস্কার-২০২৩ প্রাপ্তি উপলক্ষে আনন্দ উৎসব উৎযাপন করেছে গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের কর্মকর্তা, কর্মচারি ও সদস্যবৃন্দ।

গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের আয়োজনে আজ শনিবার (২৩ নভেম্বর) সকাল সাড়ে ১০ টার দিকে জাতীয় পুরস্কার প্রাপ্তি উদযাপনে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয় র্যালীটি সড়ক প্রদক্ষিণ শেষে সমিতির অফিস প্রাঙ্গনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সমিতির সাবেক সভাপতি মাহফুজ আলমের সঞ্চালনায় এবং গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: সভাপতি আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় যুগ্ম নিবন্ধক মিজানুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম, বিভাগীয় সমবায় কার্যালয়ের উপ-নিবন্ধক (প্রশাসন) জাহাঙ্গীর আলম, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) জাকির হোসেন, জেলা সমবায় অফিসার প্রভাস চন্দ্র বালা।

উল্লেখ্য যে সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায় শ্রেণিতে ২০২৩ সালের সারা বাংলাদেশের মধ্যে শ্রেষ্ঠ সমবায় সমিতি হিসাবে নির্বাচিত হয় গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:। গত ২রা নভেম্বর জাতীয় সমবায় দিবসে
কেন্দ্রীয় সমবায় অধিদপ্তরের মাল্টিপারপাস সম্মেলন কক্ষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপদেষ্টা এ.এফ হাসান আরিফ প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সভাপতি আব্দুর রাজ্জাকের হাতে জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর ১ টি ক্রেস্ট, সম্মাননা সনদ ও ১ (লক্ষ) টাকা অর্থমূল্য পুরস্কার হিসেবে তুলেদেন।